কেনারা ব্যাঙ্ক Canara Bank

সিন্ডিকেট Syndicate

১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি

তেহট্ট শাখা (ডিপি কোড: ৪০৯৪)
বিবি-২৪, তেহট্ট-থানা রোড, ইউবিআই শাখার বিপরীতে, পোঃঅঃ- তেহট্ট, পশ্চিমবঙ্গ, পিন-৭৪১১৬০

রেফারেন্স নং: SARFAESI/13(2)/4094/MINJARUL তারিখ: ১১.০৮.২০২৬

প্রতি:

১. **মিঃ মিনজারউল মোল্লা (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা),** পিতা- মিরকাশেম মোল্লা, গ্রাম ও পোঃঅঃ- মালিয়াপোতা, গ্রাম পঞ্চায়েত- পাথরঘাটা ১, থানা- তেহট্ট, নদিয়া, পিন-৭৪১১০৩
২. **মিসেস জাহানারা বিবি মোল্লা (সহ-ঋণগ্রহীতা),** স্বামী- মিরকাশেম মোল্লা, গ্রাম ও পোঃঅঃ- মালিয়াপোতা, গ্রাম পঞ্চায়েত- পাথরঘাটা ১, থানা- তেহট্ট, নদিয়া, পিন-৭৪১১০৩
৩. **মিসেস শবনুর মোল্লা (সহ-ঋণগ্রহীতা),** স্বামী- মিনজারউল মোল্লা, বাজার পাড়া, গ্রাম ও পোঃঅঃ- মালিয়াপোতা, গ্রাম পঞ্চায়েত- পাথরঘাটা ১, থানা- তেহট্ট, নদিয়া, পিন-৭৪১১০৩
৪. **মিঃ আলমগির মোল্লা (জামিনদার),** পিতা- মিরকাশেম মোল্লা, গ্রাম ও পোঃঅঃ- মালিয়াপোতা, গ্রাম পঞ্চায়েত- পাথরঘাটা ১, থানা- তেহট্ট, নদিয়া, পিন-৭৪১১০৩
৫. **মিসেস সোনিয়া খাতুন (জামিনদার),** স্বামী- আলমগির মোল্লা, গ্রাম ও পোঃঅঃ- মালিয়াপোতা, গ্রাম পঞ্চায়েত- পাথরঘাটা ১, থানা- তেহট্ট, নদিয়া, পিন-৭৪১১০৩

মহাশয় / মহাশয়া,

বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে জারিকৃত নোটিস।

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত)-এর অধীনে **কানাড়া ব্যাঙ্ক, তেহট্ট শাখা (এখানে এর পরে 'সুরক্ষিত ঋণদাতা' হিসেবে উল্লিখিত)**-এর অনুমোদিত আধিকারিক রূপে নিযুক্ত নিম্নস্বাক্ষরকারী এতদ্দ্বারা আপনাদের প্রতি নিম্নবর্ণিতমতো এই বিজ্ঞপ্তি জারি করছেন:

মিঃ মিনজারউল মোল্লা, মিসেস জাহানারা বিবি মোল্লা, মিসেস শবনুর মোল্লা (এখানে এর পরে 'ঋণগ্রহীতাগণ' রূপে উল্লিখিত) এখানে নীচের **তফসিল 'এ' এবং 'সি'**-তে বর্ণিত ঋণের সুবিধা/ সুবিধাবলি ও দায় গ্রহণ করেছিলেন এবং সুরক্ষিত ঋণদাতার অনুকূলে জামিনচুক্তি(সমূহ) সম্পাদন করেছিলেন। উক্ত আর্থিক সহায়তা গ্রহণের সময় উপরোক্ত চুক্তির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক(সমূহ) পরিশোধে আপনাদের দায়বদ্ধতা স্বীকার করেছিলেন।

মিঃ আলমগির মোল্লা, মিসেস সোনিয়া খাতুন (এখানে এর পরে 'জামিনদারগণ' ও 'বন্ধকদাতাগণ' রূপে উল্লিখিত) ঋণগ্রহীতা দ্বারা সুদ সমেত **₹১৬,৫০,০০০.০০** অর্থমূল্যের সীমা পর্যন্ত গৃহীত ঋণের সুবিধার প্রেক্ষিতে সুরক্ষিত ঋণদাতার তরফে কৃত বা সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ যাবতীয় অর্থাঙ্ক এবং যাবতীয় দায় / বাধ্যবাধকতা এই ব্যাঙ্ক দাবি জানানো মাত্রই প্রদানের নিশ্চয়তা দিয়েছিলেন।

আপনারা সুরক্ষিত পরিসম্পদের বিনিময়ে যে সমস্ত চুক্তি সম্পাদন করেছিলেন, তা এখানে নীচে **তফসিল 'বি'**-তে উল্লেখ করা হয়েছে:

তফসিল 'এ' এবং 'সি'
[ঋণগ্রহীতা দ্বারা গৃহীত ঋণের সুবিধা সম্পর্কিত তথ্য]

ঋণের প্রকৃতি (লোন অ্যাকাউন্ট নং)	ঋণের অর্থাঙ্ক (₹)	১১.০৮.২০২৬ অনুযায়ী সুদ সমেত দায়	সুদের হার
মর্টগেজ লোন (১৬৪০০৪০৮৭৫৩৩)	**₹১৬,৫০,০০০.০০**	**₹১৪,৩৯,১৫৭.৯৫,** তৎসহ ১২.০৮.২০২৬ থেকে প্রযোজ্য হারে সুদ ও অন্যান্য চার্জ	বর্তমান হারে সুদ + ২% হারে দণ্ডমূলক সুদ

আপনাদের দ্বারা আমাদের অনুকূলে স্বাক্ষরিত বিবিধ প্রাসঙ্গিক নথির মাধ্যমে এখানে নীচের **তফসিল 'বি'**-তে বিশদে ও নির্দিষ্টরূপে বর্ণিত সম্পত্তির বন্ধকি দ্বারা উপরিলিখিত ঋণ / ধারের সুবিধা যথাযথরূপে সুরক্ষিত ছিল। আপনারা নির্ধারিত শর্ত ও নিয়মাবলি অনুসারে দায় পরিশোধে ব্যর্থ হওয়ায় **০৯.০৮.২০২৬ তারিখে** এই ব্যাঙ্ক উক্ত **ঋণটি অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ)** হিসেবে শ্রেণিবদ্ধ করেছে। সেই কারণে, এতদ্দ্বারা আমরা উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত এই বিজ্ঞপ্তির মাধ্যমে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ষাট (৬০) দিনের মধ্যে **১১.০৮.২০২৬** তারিখের ভিত্তিতে আপনাদের দায় বাবদ **₹১৪,৩৯,১৫৭.৯৫** (চোদ্দ লক্ষ উনচল্লিশ হাজার একশো সাতান্ন টাকা এবং পঁচানব্বই পয়সা মাত্র), তৎসহ নোটিসের তারিখ থেকে উদ্ভূত সুদ, আনুষঙ্গিক খরচ ও মাশুল সম্পূর্ণরূপে পরিশোধের আহ্বান জানাচ্ছি, যার অন্যথা হলে আলোচ্য অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে আমরা সকল বা যে কোনও অধিকার প্রয়োগে বাধ্য হব।

পাশাপাশি, আমাদের আগাম লিখিত অনুমতি ছাড়া এখানে নীচের **তফসিল 'বি'**-তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না-করার জন্য আপনাদের সতর্ক করে দেওয়া হচ্ছে। আলোচ্য অ্যাক্ট এবং/বা বিদ্যমান অন্য যে কোনও আইনের অধীনে আমাদের প্রতি উপলব্ধ অধিকারের প্রতি পক্ষপাতবিহীনভাবে এই বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হচ্ছে।

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

শাখায় উপলব্ধ তথ্য অনুসারে আপনাদের সর্বশেষ জ্ঞাত ঠিকানাতেও এই দাবি বিজ্ঞপ্তিটি প্রাপ্তিস্বীকারপত্র-সহ রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে প্রেরিত হয়েছে।

তফসিল 'বি'
-: সুরক্ষিত পরিসম্পদের বিশদ বিবরণ :-

মিনজারউল মোল্লা (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা)-এর স্বত্বাধীন সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ।
উপরিস্থিত কাঠামো / বাড়ি সমেত সামান্য কমবেশি ৫ শতক জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: পাথরঘাটা মৌজা ১১৩, খতিয়ান নং- এল আর নং ৩৪৫৬, দাগ নং- আর এস ১৫৪৫, এল আর ১৬২৭, জেলা- নদিয়া, থানা- তেহট্ট, পিন-৭৪১১৬০। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- কংক্রিটের রাস্তা; দক্ষিণ- জামাত আলি মোল্লা; পূর্ব- প্রয়াত মুস্তাকিম মোল্লার আইনি উত্তরাধিকারীগণ; পশ্চিম- মিরকাশেম মোল্লার সম্পত্তি।

[CERSAI অ্যাসেট আইডি: ২০০০৭৮৭৯৫০৬১]

এতদ্দ্বারা আমি ১৩(২) ধারাধীনে জারিকৃত ১০.০৮.২০২৬ তারিখের নোটিসটি প্রত্যাহার করছি। সেই কারণে পূর্বের উক্ত ১৩(২) ধারাধীন নোটিসটি প্রত্যাহার করে সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে নতুন এই নোটিসটি জারি করছি।

তারিখ: ১১.০৮.২০২৬ / স্থান: তেহট্ট **অনুমোদিত আধিকারিক / কানাড়া ব্যাঙ্ক**

বেঙ্গল অ্যান্ড আসাম কোম্পানি লিমিটেড

৭৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি, ই-ভোটিং এবং বুক ক্লোজার সংক্রান্ত তথ্য

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, **বেঙ্গল অ্যান্ড আসাম কোম্পানি লিমিটেড**-এর সদস্যদের ৭৯তম বার্ষিক সাধারণ সভা **('এজিএম')** আগামী **০৮ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ, মঙ্গলবার, বিকেল ৩:০০ টায়** (ভারতীয় সময়) ভিডিও কনফারেন্সিং **('ভিসি')**/অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম **('ওএভিএম')**-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে, যেখানে এজিএম আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়গুলি নিয়ে আলোচনা করা হবে, যা কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ **("অ্যাক্ট")** এবং এর অধীনে প্রণীত নিয়মাবলী, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ সহ কর্পোরেট বিষয়ক মন্ত্রক **('এমসিএ')** এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া **('সেবি')** কর্তৃক জারি করা সমস্ত প্রযোজ্য সার্কুলার মেনে করা হবে। ভিসি/ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণকারী সদস্যদের আইনের ১০৩ নং ধারা অনুযায়ী কোরামের উদ্দেশ্যে গণনা করা হবে।

এমসিএ এবং সেবি কর্তৃক জারি করা সমস্ত প্রযোজ্য সার্কুলার মেনে, ২০২৫-২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন এবং ৭৯তম এজিএম আহ্বানের বিজ্ঞপ্তিটি কোম্পানির সেই সমস্ত সদস্যদের ইলেকট্রনিক মাধ্যমে পাঠানো হয়েছে যাঁদের ই-মেল ঠিকানা কোম্পানি/ রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(গুলি) (ডিপি) এবং অধিকারী অন্যান্য সমস্ত ব্যক্তিদের কাছে নিবন্ধিত রয়েছে। উপরিউক্ত নথিপত্রগুলি কোম্পানির ওয়েবসাইট **www.bengalassam.com,** বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট **www.bseindia.com** এবং ই-ভোটিং এজেন্সি অর্থাৎ সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল)-এর ওয়েবসাইট **www.evotingindia.com**-এ উপলব্ধ রয়েছে।

এজিএম-এর জন্য বুক ক্লোজার এবং রেকর্ড ডেট: এজিএম-এর উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বুক আগামী **০১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ** থেকে **০৮ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ** পর্যন্ত (উভয় দিন সহ) বন্ধ থাকবে। উক্ত এজিএম-এ ঘোষিত হলে, ইক্যুইটি শেয়ারের উপর প্রতিটি ₹১০/- মূল্যের ইক্যুইটি শেয়ার পিছু ₹৫০/- হারে (৫০০%) লভ্যাংশ প্রদানের উদ্দেশ্যে কোম্পানির সদস্যদের রেকর্ড নেওয়ার জন্য কোম্পানি আগামী ০১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখটিকে রেকর্ড ডেট হিসেবে নির্ধারণ করেছে।

রিমোট ই-ভোটিং এবং কাট-অফ ডেট: কোম্পানি সিডিএসএল দ্বারা প্রদত্ত ই-ভোটিং পরিষেবার মাধ্যমে ই-ভোটিং সুবিধা প্রদান করেছে। রিমোট ই-ভোটিং-এর সময়কাল আগামী **০৪ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ, শুক্রবার (সকাল ১০:০০ টা)** শুরু হবে এবং আগামী **০৭ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ, সোমবার (বিকেল ৫:০০ টা)** শেষ হবে। রিমোট ই-ভোটিং বা এজিএম-এ ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দেওয়ার ক্ষেত্রে সদস্যদের যোগ্যতা নির্ধারণের জন্য কাট-অফ ডেট হলো আগামী **০১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখ, মঙ্গলবার।** কাট-অফ ডেট অনুযায়ী শুধুমাত্র সেই সমস্ত ব্যক্তি যাঁদের নাম সদস্যদের রেজিস্টার অথবা ডিপোজিটরি দ্বারা পরিচালিত বেনিফিসিয়াল ওনারদের রেজিস্টারে নথিভুক্ত রয়েছে, তাঁরাই রিমোট ই-ভোটিং-এর পাশাপাশি এজিএম-এ ভোটিং সুবিধা গ্রহণ করার অধিকারী হবেন।

সেই সমস্ত সদস্যদের জন্যও এজিএম-এ ই-ভোটিং সুবিধা উপলব্ধ করা হবে যাঁরা রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে তাঁদের ভোট দেননি এবং ভিসি/ ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ অংশগ্রহণ করছেন। ডিম্যাট এবং ফিজিক্যাল উভয় মাধ্যমেই শেয়ার ধারণকারী সদস্যদের জন্য রিমোট ই-ভোটিং এবং সভায় অংশগ্রহণ করা ও সভার চলাকালীন ই-ভোটিং সংক্রান্ত বিস্তারিত তথ্য, নির্দেশাবলী এবং পদ্ধতি এজিএম-এর বিজ্ঞপ্তির নোটে প্রদান করা হয়েছে। এজিএম-এর তারিখের আগে যে সমস্ত সদস্যরা ইতিমধ্যেই রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে তাঁদের ভোট দিয়েছেন, তাঁরাও ভিসি/ ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ উপস্থিত থাকতে পারবেন, তবে এজিএম-এ পুনরায় ভোট দেওয়ার অধিকারী হবেন না।

ইলেকট্রনিক মাধ্যমে বিজ্ঞপ্তি পাঠানোর পর যে কোনো ব্যক্তি যিনি শেয়ার অর্জন করে কোম্পানির সদস্য হয়েছেন এবং উপরিউক্ত কাট-অফ ডেট অনুযায়ী ইক্যুইটি শেয়ার ধারণ করছেন, তিনি এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত ই-ভোটিং-এর পদ্ধতি অনুসরণ করে লগইন আইডি এবং পাসওয়ার্ড তৈরি করতে পারেন। তবে, যদি কোনো সদস্য ই-ভোটিং-এর জন্য সিডিএসএল/ এনএসডিএল-এর কাছে ইতিমধ্যেই নিবন্ধিত থাকেন, তাহলে ওই সদস্য ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দেওয়ার জন্য তাঁর বর্তমান লগইন বিবরণ ব্যবহার করতে পারেন।

সেবি-র নির্দেশিকা অনুযায়ী, সমস্ত শেয়ারহোল্ডারদের (সমস্ত জয়েন্ট শেয়ারহোল্ডারদের সহ) তাঁদের প্যান, কেওয়াইসি বিবরণ (পিন কোড, ই-মেল ঠিকানা, মোবাইল নম্বর, ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ সহ ডাক ঠিকানা) আপডেট করার জন্য এবং তাঁদের নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট/আরটিএ-র কাছে প্রয়োজনীয় নথিপত্র/ তথ্য জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণকারী সদস্যদের অবিলম্বে কোম্পানির আরটিএ-র কাছে তাঁদের শেয়ার ডিম্যাটেরিয়ালাইজ/তাঁদের কেওয়াইসি এবং ব্যাঙ্কের বিবরণ আপডেট করা উচিত।

ইলেকট্রনিক মাধ্যমে ভোটিং সুবিধা সম্পর্কিত কোনো অভিযোগ সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড, এ উইং, ২৫ নং ফ্লোর, ম্যারাথন ফিউচারএক্স, মফতলাল মিল কমপাউন্ডস, এন এম জোশী মার্গ, লোয়ার পারেল (পূর্ব), 'মুম্বই-৪০০০১৩-এর ঠিকানায় পাঠানো যেতে পারে অথবা **helpdesk.evoting@cdslindia.com**-এ একটি ই-মেল করা যেতে পারে অথবা টোল ফ্রি নম্বর ১৮০০২১০৯৯১১-তে কল করা যেতে পারে।

বেঙ্গল অ্যান্ড আসাম কোম্পানি লিমিটেড-এর পক্ষে
দিলীপ কুমার সোয়াইন
কোম্পানি সেক্রেটারি

তারিখ: ১৭ আগস্ট, ২০২৬
স্থান: নয়াদিল্লি

রেজিস্টার্ড অফিস: ৭, কাউন্সিল হাউস স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০০১
সেক্রেটারিয়াল ডিপার্টমেন্ট: গুলাব ভবন, ৩ নং ফ্লোর, ৬এ, বাহাদুর শাহ জাফর মার্গ, নয়াদিল্লি- ১১০০০২
টেলিফোন: ০১১-৬৮২০১৮৮৮/৮৯৯, ফ্যাক্স: ০১১-২৩৭৩৯৪৭৫, ই-মেল: dswain@jkmail.com
CIN: L67120WB1947PLC221402, ওয়েবসাইট: www.bengalassam.com

আজকাল
কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন
১২টি শব্দ ২৫০ টাকা অতিরিক্ত শব্দ ১৮ টাকা

বিজ্ঞপ্তি

● আমার মক্কেলগণ (ক্রেতাগণ)- (১) মিলন দে, ২০২৬ সালের ৪৭৬৯ ও ৪৭৬৪ দলিল মূলে, (২) অষ্টমী ঘোষ, ২০২৬ সালের ৪৭৬৫ দলিল মূলে, (৩) ইশানি সাহানা, ২০২৬ সালের ৪৭৬৬ দলিল মূলে, (৪) ঝুমা সাহানা, ২০২৬ সালের ৪৭৬৬ দলিল মূলে, (৫) বর্ণালী কোলে, ২০২৬ সালের ৪৭৬৭ দলিল মূলে, (৬) মালা সামন্ত, ২০২৬ সালের ৪৭৬৮ দলিল মূলে- জেলা- হুগলী, থানা- আরামবাগ, মৌজা- পারুল, জে এল নং- ৩৮. এল আর দাগ নং- ২৪৭৯, আর এস দাগ নং- ২০২০, এল, আর খতিয়ান নং- ১২৭, পাওয়ার নং- ০০০০৪/২০১৪। পাওয়ার দাতা- (বিক্রেতাগণ)-(১) অর্চনা রায়, (২) অপর্ণা ঘোষ, (৩) সুপর্ণা হাজরা, (৪) মৃণাল কান্তি মল্লিক, গণের পক্ষে পাওয়া গ্রহিতা ও স্বয়ং (৫) প্রবীর কুমার মল্লিক ও (৬) প্রদীপ মল্লিক, গণের নিক হইতে ২৫ শতক জমি ক্রয় করেন। যাহার প্রেক্ষিতে আরামবাগ B.L&L.R.O অফিসে মিউটেশনের জন্য আবেদন করিয়াছেন। উক্ত দাগের সম্পত্তির মিউটেশনের ব্যাপারে কোনো অভিযোগ থাকিলে ৩০ দিনের মধ্যে আরামবাগ B.L.& L.R.O অফিসে লিখিত আকারে পেশ করবেন।

Akash Mitra, Advocate

● আমার মক্কেল স্বদেশ রায়, পিতা সুজন সাং-হাটখুবা, থানা- হাবড়া গীতা রায়ের নিযুক্ত আমোক্তার দিপীকা দাস (হালদার নিকটহইতে ADSR ২৩৩/১৮ আমোক্তারদ্বারা মৌজা- হাটখুবা, জেএল-৭৮, দাগ- ৯৬০, খতিয়ান ৪৩৩৬ থেকে ৪৮৫৩/১৯দলিলে ৪.৯৫ শতক জমিকিনে নামপত্তনের আবেদনকরে এবিষয়ে কারোর আপত্তি থাকিলে বিজ্ঞপ্তির ১মাসেরমধ্যে BL&LRO হাবড়া জানাতে পারেন অন্যথায় নিয়মানুসারে কার্য্য হইবে।

DEBRAJ DAS
Advocate

● আমার মক্কেলগন বিধান মধু পিতা- গৌরাঙ্গ সাং- শিমুলিয়া, থানা- গাইঘাটা, বরুন বৈদ্য পিতা মহাদেব ও জগৎ তারা বৈদ্য স্বামী বকুল সাং- বানীপুর ইতনাকলোনী, থানা-হাবড়া সরস্বতী দাসের নিযুক্ত আমোক্তার তপন দত্তের নিকটহইতে ADSR হাবড়া ৪৬৬/১৪ আমোক্তারদ্বারা মৌজা জানাপুল জে.এল-৭৭ দাগ- ৪০৯৩ খতিয়ান ৩০০৬ থেকে ২৬৪৫/১৫ দলিলে ৫.৫২শতক ও ১৮০০/১৫ দলিলে ৪.৯৫শতক জমিকিনে নামপত্তনের আবেদনকরে এবিষয়ে কারোর আপত্তি থাকিলে বিজ্ঞপ্তির ১মাসের মধ্যে BL&LRO হাবড়া জানাতে পারেন অন্যথায় নিয়মানুসারে কার্য্য হইবে।

DEBRAJ DAS
Advocate

● জেলা—উত্তর২৪পরগনা,মৌজা—কোদালিয়া,J.L.No.—৩৬, ১৫৯নং খতিয়ানভুক্ত ১২৩/৫৯৩নং দাগে ০২ শতক জমি শ্রী বিশ্বনাথ হালদার ও শ্রীমতী আশালতা হালদার,DSR-I,বারাসাত অফিসে রেজিস্ট্রিকৃত৬৪৫৫/২০১৩নং দলিলমূলে ক্রয় করেন।উক্ত দলিলে আমমোক্তার ছিলেন শ্রী শুভেন্দু আইচ(আমমোক্তারনামা দলিলনং ০০৪২২/২০১২,DSR-I,বারাসাত)। পরবর্তীতে উক্ত ক্রেতাদ্বয় শ্রীমতী বানী দামকে(আমমোক্তারনামা দলিলনং৬৫৪/২০২৪,DSR-I,বারাসাত)আমমোক্তার নিযুক্ত করেন।উক্ত আমমোক্তারের মাধ্যমে আমি শ্রী বিপিন কুমার,DSR-I,বারাসাত অফিসে রেজিস্ট্রিকৃত৬৪০৩/২০২৪নং দলিলমূলে উক্ত জমি ক্রয় করিয়া নামপত্তনের জন্য আবেদন করিয়াছি।এবিষয়ে কাহারো কোনো প্রকার আপত্তি থাকলে বিজ্ঞপ্তি প্রকাশের ১মাসের মধ্যে BL& LRO সোদপুরের নিকট জানাতে পারেন।অন্যথায় আইনানুগ কার্য হইবে।

আজকাল
শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
নৈহাটি
ব্রাইট ফুট ওয়ার
অসিতকুমার পাল
৭/১ অরবিন্দ রোড, পোঃ- নৈহাটি, জেলা- ২৪ পঃ (উঃ), রেল স্টেশনের কাছে।
মোঃ ৮৪২০৮২৮৪০৪
.....
চুঁচুড়া
ব্রাইট সু স্টোর্স
নেতাজি সুভাষ রোড
খরুয়া বাজার
পোঃ চুঁচুড়া, জেলা- হুগলি
মোঃ ৮৪২০৮২৮৪০৪
.....
শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র
টাইপ কর্নার
প্রোঃ নিরঞ্জন পাল (বাপী)
কালেক্টারি মোড়, কৃষ্ণনগর, নদীয়া,
(M): 9474334978,
e-mail: typecorner10@gmail.com

নাম পদবি পরিবর্তন

● আমি SHIKHA MANDAL, স্বামী CHITTA MONDAL, গ্রাম&পোস্ট-কামারগাঁতি, থানা- হাড়োয়া, জেলা-উত্তর২৪পরগনা, আমার ২০০২সালের ভোটারলিস্টে SHIKHA MANDALএর পরিবর্তে SITARANI MANDAL লিপিবদ্ধ আছে। গত ১৪/০৭/২০২৬তারিখে বসিরহাট জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকোর্টে ফাস্টক্লাস এপিডেভিটদ্বারা আমি SHIKHA MANDAL এবং SITARANI MANDAL একইব্যক্তি বলিয়া পরিচিত হইলাম।

● আমি CHITTA MONDAL, পিতা SUDHIR MONDAL, গ্রাম&পোস্ট-কামারগাঁতি, থানা -হাড়োয়া, জেলা-উত্তর২৪পরগনা, আমার ২০০২সালের ভোটারলিস্টে CHITTA MONDALএর পরিবর্তে CHITTARANJAN MANDAL লিপিবদ্ধ আছে। গত ১৪/০৭/২০২৬তারিখে বসিরহাট জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকোর্টে ফাস্টক্লাস এপিডেভিটদ্বারা আমি CHITTA MONDAL এবং CHITTARANJAN MANDAL একইব্যক্তি বলিয়া পরিচিত হইলাম।

● I, Sheikh Karim, S/o SK. Hannan, R/o 44E, Tiljala Road, Kolkata-700046. My name has been wrongly recorded as SK. Karim in my Aadhaar Card instead of Sheikh Karim. Vide affidavit on 12/08/2026 before 1st class Judicial Magistrate Kolkata, that SK. Karim and Sheikh Karim is the same and one identical person. My correct and official name is Sheikh Karim.

● আমি, রাখী হালদার,(Haldar) পিতা- স্বর্গীয় চিত্তরঞ্জন হালদার, সাং- নোয়াপাড়া, পোঃ ও থানা সোনারপুর, রাজপুর সোনারপুর (মিঃ), দক্ষিণ ২৪পরগণা, পঃবঃ, জানাচ্ছি যে আমি রাখী হালদার (Halder),হইতে রাখী হালদার(Haldar),হইলাম। সেই মোতাবেক আমার আধাঁর, ভোটার পরিচয় পত্র ও প্যান কার্ড সংশোধন প্রয়োজন। শিয়ালদহ ১ম শ্রেণীর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এই মর্মে হলফনামা (Affidavit No. ১৮০৫৪, তারিখ: ১২/০৮/২৬) সম্পাদিত হয়েছে। উভয় নাম এক ও অভিন্ন ব্যক্তির।

● আমি Santosh Mondal, পিতা: Late Manik Mondal, ভুলবশত আমার আধার কার্ডে নাম Sanyasi Mandal, S/o Manik Mandal আছে। 13/8/26 ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কলকাতার এফিডেভিটে Santosh Mondal S/o Late Manik Mondal ও Sanyasi Mandal S/o Manik Mondal উভয়ে এক ও অভিন্ন ব্যক্তি হলাম।

● আমি, Md. Jumman Ali, পিতা— Md Saokat Ali Mondal, সাকিন— গ্রাম: Hizlia, পোস্ট ও থানা: Ashokenagar, জেলা: North 24 Parganas, পিন: 743222, পশ্চিমবঙ্গ, এতদ্বারা ঘোষণা করছি যে, বারাসাত বিজ্ঞ ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এক হলফনামা (নং ৮০১৯, তারিখ: ২০.০৫.২০২৬) মূলে ঘোষণা করেছি যে, Md Jumman Ali, Jumman Ali Mondal এবং Md Jumman Ali Mondal আইনের চোখে একই ও অভিন্ন ব্যক্তি।

● ড্রাইভিং লাইসেন্সে ভুলবশতঃ আমার নাম Sandip Guha Thakurata S/O Late Satya Ranjan Guhathakurata নাম আছে, (WB-23 20040443118) গত ০৫/০৮/২০২৬ তারিখে ব্যারাকপুর ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এফিডেভিটে আমি Sandip Guhathakurata S/O Late Satyaranjan Guhathakurata নামে পরিচিত হইলাম।

ফর্ম নং: আইএনসি ২৬
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০ অনুযায়ী]
[এক রাজ্য থেকে অপর রাজ্যে কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের জন্য সংবাদপত্রে প্রকাশিতব্য বিজ্ঞাপন]
কেন্দ্রীয় সরকার, রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন সমীপে
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ১৩ নং ধারার (৪) নং উপধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪-এর রুল ৩০ সাব রুল (৫) ক্লজ (এ) সম্পর্কিত বিষয়
~ এবং ~
সম্পর্কিত বিষয়: **মেসার্স আর এস ইস্পাত (রায়গড়) প্রাইভেট লিমিটেড (CIN: U28999WB2016PTC218129)** রেজিস্টার্ড অফিস ডিসি-বি৪০১, সিটি সেন্টার, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০০৬৪, পশ্চিমবঙ্গ
...পিটিশনার
এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, **১৫.০৬.২০২৬ তারিখে আয়োজিত উক্ত কোম্পানির বিশেষ সাধারণ সভায়** গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ১৩ নং ধারাধীনে **'পশ্চিমবঙ্গ রাজ্য'** থেকে **'উত্তরপ্রদেশ রাজ্য'**-তে কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশ্যে কোম্পানির সঙ্ঘস্মারক পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য পিটিশনার কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকারের কাছে একটি পিটিশন ফাইল করার প্রস্তাব আনা হয়েছে।
এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারও স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা থাকলে তিনি/ তাঁরা **এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in)-তে ইনভেস্টর কমপ্লেন ফর্ম দাখিল করে কিংবা** এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে **১৪ (চোদ্দ) দিনের মধ্যে** রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, **'কর্পোরেট ভবন, ফ্লোর নং ৬, প্লট নং-IIIF/১৬, এএ-IIIF, রাজারহাট, নিউটাউন, আকন্দকেশরী, কলকাতা-৭০০১৩৫, পশ্চিমবঙ্গ** সমীপে তাঁর (পু/ স্ত্রী) স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের ঠিকানায় পেশ করতে হবে।
ডিসি-বি৪০১, সিটি সেন্টার, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০০৬৪, পশ্চিমবঙ্গ
জন্য ও তরফে
আর এস ইস্পাত (রায়গড়) প্রাইভেট লিমিটেড
স্বা/-
**(সঞ্জীব কুমার উ